**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:26-09-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**ANTYODOY DIWAS:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু  অন্ত্যোদয় দিবস উপলক্ষে গতকাল পুরাতন আগরতলা ব্লকের মেঘলিপাড়া গ্রাম পঞ্চায়েত অফিস প্রাঙ্গণে অন্ত্যোদয় পরিবারের সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন। অন্ত্যোদয় পরিবারগুলি বিভিন্ন সরকারি সুযোগ সুবিধা যথাযথভাবে পাচ্ছে কিনা সে বিষয়ে রাজ্যপাল খোঁজখবর নেন। সুবিধাভোগীরা জানান, তারা বিদ্যুৎ, পানীয়জলের সুবিধা, আবাস ও শৌচালয়ের সুবিধা সরকারের কাছ থেকে পেয়েছেন। শুধু তাই নয় আয়ুষ্মান ভারত কার্ডও তাদের দেওয়া হয়েছে। ন্যায্যমূল্যের দোকান থেকে তারা নিয়মিতভাবে বিভিন্ন পণ্য সামগ্রী পাচ্ছেন বলেও জানান।  এই অনুষ্ঠানে বিধায়ক রতন চক্রবর্তী, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, পুরাতন আগরতলা ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ঝর্ণা দাস, মেঘলিপাড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান অজয় বিশ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন।

*******************

**Promotion of TCS :**

টিসিএস গ্রেড টু থেকে গ্রেড ওয়ানে এডহক পদোন্নতি পেলেন ৩২ জন অফিসার। রাজ্য সরকারের সাধারন প্রশাসনের উপসচিব এস কে দেববর্মা গতকাল দুটি আলাদা বিজ্ঞপ্তিতে এই খবর জানিয়েছেন।

****************

**New District judge :**

ধলাই জেলার জেলা ও দায়রা বিচারকের দায়িত্ব পাচ্ছেন ধীমান দেববর্মা। তিনি বর্তমানে ত্রিপুরা হাইকোর্টে প্রধান বিচারপতির প্রধান সচিবের দায়িত্বে আছেন। হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেল বিশ্বজিৎ পান্ডে গতকাল এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, ধলাই জেলার বর্তমান জেলা ও দায়রা বিচারক গৌতম সরকার আগামী ৩০ সেপ্টেম্বর অবসরে যাচ্ছেন। তার জায়গায় ধীমান দেববর্মা জেলা ও দায়রা বিচারকের দায়িত্ব নেবেন।

**Press Meet-Tourism Minister :**

আগামী ২৭শে সেপ্টেম্বর বিশ্ব পর্যটন দিবস রাজ্যেও নানা কর্মসূচির মধ্য দিয়ে উদযাপন করা হবে। গতকাল আগরতলার গীতাঞ্জলী ট্যুরিজম গেস্ট হাউজে এক সাংবাদিক সম্মেলনে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, এবছর পর্যটন দিবসের মূল থিম বা ভাবনা হল 'পর্যটন এবং শান্তি'।

পর্যটন নিগমের উদ্যোগে আজ গান্ধীগ্রামস্থিত 'সান্ধ্যনীড়' বৃদ্ধাশ্রমের আবাসিকদের নিয়ে একটি ফেম ট্যুর করা হবে। আমতলী বৃদ্ধাশ্রমের আবাসিকদের নিয়ে মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির দর্শন করানো হবে।

পর্যটন মন্ত্রী জানান, ২৭শে সেপ্টেম্বর সন্ধ্যা ৬টায় উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে তিনদিন ব্যাপী পর্যটন দিবস উদযাপনের সমাপ্তি দিনে মূল অনুষ্ঠানটি আয়োজন করা হবে। উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। এবারের বন্যায় যারা সাহসিকতার সঙ্গে মানুষের জীবন রক্ষা করেছেন সেই বীরদের সম্মান জানানো হবে। ঐদিন সকালে একটি শান্তি র‍্যালিও আয়োজন করা হবে। এই র‍্যালির সূচনা করবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু।

***************

**PM-Make in India :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মেক ইন ইন্ডিয়া উদ্যোগের ১০ বছর পূর্ণ হওয়ার প্রশংসা করেছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেন যে 'মেক ইন ইন্ডিয়া' ১৪০কোটি ভারতীয়দের সম্মিলিত সংকল্পের মাধ্যমে দেশকে একটি উৎপাদন এবং উদ্ভাবনী শক্তিকেন্দ্রে

রূপান্তরিত করার চিত্র তুলে ধরে। তিনি সমস্ত সম্ভাব্য উপায়ে 'মেক ইন ইন্ডিয়া'কে উৎসাহিত করার জন্য সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। গত এক দশক ধরে এই আন্দোলনকে সফল করার জন্য যারা অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন তাদের সবাইকে তিনি সাধুবাদ জানান।

***************

**The Human Social Organisation:**

দ্য হিউম্যান সোশ্যাল অর্গানাইজেশন এবং দ্য পিরিয়ড সোসাইটি অফ ত্রিপুরার যৌথ উদ্যোগে গতকাল একটি সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে পরিষ্কার  পরিচ্ছন্নতা ও প্রাত্যহিক স্বাস্থ্যবিধি নিয়ে আলোচনা করা হয়। ১৪ থেকে ১৮ বছর বয়সী প্রায় ৫০ জন মহিলা এবং মেয়েরা এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন। তাদের প্রত্যেককে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি সামগ্রী এবং মিষ্টির প্যাকেট দিয়ে সংবর্ধিত করা হয়।

দ্য হিউম্যান সোশ্যাল অর্গানাইজেশনের পক্ষ থেকে স্বর্ণালিকা রায় বলেন সমাজকল্যাণে তাদের উদ্যোগ অব্যাহত থাকবে।

**************

**Rally at Santirbazar:**

বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামে ধর্মীয় সংখ্যালঘুদের উপর আক্রমণের প্রতিবাদ এবং এই ধরনের অমানবিক ঘটনা বন্ধে কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ দাবি জানিয়ে গতকাল শান্তিরবাজার মহকুমা শাসকের কাছে ডেপুটেশন প্রদান করে মগ সোসিও কালচারাল অর্গানাইজেশন ও চাকমা সোসিও কালচারাল অর্গানাইজেশন। এর আগে শান্তিরবাজার শহরে একটি মিছিলের আয়োজন করা হয়। পরে মগ সোসিও কালচারাল অর্গানাইজেশনের কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক ডঃ থাইলু মগের নেতৃত্বে এক প্রতিনিধি দল মহকুমা শাসকের কাছে স্মারকলিপি প্রদান করেন।

***************

**Candle Factory\ Suklacharan:**

দক্ষিণ জেলার ঋষ্যমুখ ব্লকের দক্ষিণ সোনাইছড়িতে গতকাল ত্রিপুরা গ্রামীন আজীবিকা মিশন প্রকল্পে গড়ে উঠা স্বসহায়ক দলের পরিচালিত মা দুর্গা ক্যান্ডেল ইউনিটের উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। দক্ষিণ সোনাইছড়ি কমিউনিটি হলে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে বিধায়ক মাইলাফ্রু মগ, দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, ঋষ্যমুখ পঞ্চায়েত সমিতি চেয়ারম্যান শম্ভু কর প্রমুখ উপস্থিত ছিলেন।

****************

**Dinadayal Shushanta.**

পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্ম জয়ন্তী উপলক্ষে গতকাল জিরানীয়ার অগ্নিবীনা হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং জিরানীয়া নগর পঞ্চায়েতের সহযোগিতায় আয়োজিত অনুষ্ঠানের সূচনা করেন পরিবহন ও পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী।

****************

**CITU Deputation :**

সিটু্য রাজ্য কমিটির পক্ষ থেকে বিভিন্ন দাবীতে গতকাল শহরে মিছিল করে শ্রম কমিশনারের কাছে ডেপুটেশনে প্রদান করা হয়। তাদের দাবিগুলির মধ্যে রয়েছে দুর্গোৎসবের আগে বোনাস ও এক্সগ্রেসিয়া প্রদান, মজুরী বৃদ্ধি, অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণ ও বন্যা ত্রান ইত্যাদি। ডেপুটেশনে নেতৃত্ব দেন সিটু্য রাজ্য সভাপতি মানিক দে।

****************

**Health Camp-Jolaibari :**

জোলাইবাড়ির দ্বাদশ স্কুলের প্রাক্তনীদের উদ্যোগে গতকাল দক্ষিন জোলাইবাড়ির সাগরডেপার পূর্ব মধ্যপিলাক এস বি স্কুলে স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। স্বাস্থ্য শিবিরে বিশিষ্ট শিশু চিকিৎসক ডা: নীলরতন মজুমদার, বিশিষ্ট ক্যান্সার বিশেষজ্ঞ ডা: গৌতম মজুমদার, দন্ত চিকিৎসক ডা: সায়নিকা বিশ্বাস ও ডা: অরিন্দম ভৌমিক ১৩১ জন রোগীর স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ প্রদান করেন।

*****************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় নাইন বুলেটস ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় নাইন বুলেটস ক্লাব ৩-১ গোলে টাউন ক্লাবকে পরাজিত করে।

*****************

**Weather:**

আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলার দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ ভারি বর্ষণের সর্তকতা জারি করা হয়েছে। বাংলাদেশের উপরে ঘূর্ণাবর্তার কারণেই রাজ্যে এই বৃষ্টিপাত হচ্ছে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

*****************

*****************